

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মাসিক মিয়া

হরিণাকুণ্ডতে জিপিএ-৫ পেয়েছে ১০৩ জন



০৯ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ

হরিণাকুণ্ড (বিনাইদহ) সংবাদদাতা

হরিণাকুণ্ড উপজেলায় এ বছর ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় ১০৩ জন পরীক্ষার্থী জিপিএ- ৫ অর্জন করেছে। জানা যায়, উপজেলার মোট ৩৯ মাধ্যমিক বিদ্যালয়ের ২ হাজার ৬০১ জন এবং ১২টি মাদ্রাসার ২৫৩ জনসহ ৫১টি শিক্ষা প্রতিষ্ঠানের মোট ২ হাজার ৮৫৪ জন পরীক্ষার্থী এ বছর পরীক্ষায় অংশ নেয়। তার মধ্যে কৃতকার্য হয়েছে ১৯৭২ জন। উপজেলার পাসের হার সাধারণ বোর্ডে ৭১ এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৫২ ভাগ। শিওকলি মডেল মাধ্যমিক বিদ্যালয় থেকে ৩১ জন জিপিএ- ৫ পেয়ে উপজেলার প্রথম হয়েছে। এছাড়া জোড়াদহ মাধ্যমিক বিদ্যালয় থেকে ১৫০ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩৭ জন পাস করেছে এবং ২২ জন জিপিএ- ৫ পেয়ে ২য় স্থানে রয়েছে এবং ভায়না মাধ্যমিক বিদ্যালয় থেকে ১০৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৯৪ জন পাস করেছে এর মধ্যে ৯ জন জিপিএ- ৫ পেয়ে উপজেলার ৩য় স্থানে রয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত